
# সামাজিক নিয়ন্ত্রণ (Social Control)






# সামাজিক নিয়ন্ত্রণ এর ধারণা (Meaning & Concept of Social Control)



## সামাজিক নিয়ন্ত্রণ এর সংজ্ঞা (Definition of Social Control)

সামাজিক নিয়ন্ত্রণ হল এমন একটি সামাজিক প্রক্রিয়া, যার মাধ্যমে সমাজ বিধিবহির্ভূত ও বিধিবদ্ধ উভয় উপায়ে, সমাজস্থ ব্যাক্তিদের সমাজ স্বীকৃত রীতি নীতি, প্রথা, আদর্শ, বিশ্বাস, মূল্যবোধ, ইত্যাদি ও আরোপিত কিছু নিয়ম কানুনের দ্বারা আচরণ করতে, অর্থাৎ, সুসংযত ও সুশৃংখলিত হতে বাধ্য করে এবং তাদের সমাজে বসবাস উপযুক্ত করে তোলে। অর্থাৎ, সামাজিক নিয়ন্ত্রণের মাধ্যমে সামগ্রিক সমাজ ব্যবস্থা সংহত ও শৃঙ্খলিত উপায়ে সুপরিচালিত হয় যা সমাজ কে তার কাঙ্ক্ষিত লক্ষ্য গুলি অর্জনে সহায়তা করে।

(Social control is a social process whereby using both informal and formal forces society ensures that members are bound to behave in accordance with socially recognized and approved norms, customs, ideals, beliefs, values, etc., and certain imposed rules & regulations, which makes them well compliant and disciplined and fit to live in society. That is, through social control, the overall social system is governed in a coherent and orderly way to achieve desired social goals & development.)

**E. A. Ross** wrote a book named **“Social Control” in 1901**

# সামাজিক নিয়ন্ত্রণ এর প্রকৃতি (Nature of Social Control)

- সামাজিক নিয়ন্ত্রণ হল এমন একটি সামাজিক প্রক্রিয়া, যেখানে সমাজ তার সদস্যদের উপর নিয়ন্ত্রণ রাখার চেষ্টা করে।
- সামাজিক নিয়ন্ত্রণ একধরণের সামাজিক প্রভাবকে বোঝায়। এই প্রভাবটি জনমত , জবরদস্তি বা বলপূর্বক, ধর্ম, নেতৃত্ব, শিক্ষা, আইন আদালত , ইত্যাদির মাধ্যমে বিভিন্ন উপায়ে প্রণয়ন করা হয়।
- সামাজিক নিয়ন্ত্রণের প্রভাবটি মূলত সমাজ বা সম্প্রদায় দ্বারা প্রয়োগ করা হয়।
- সামাজিক নিয়ন্ত্রণের প্রভাবটি সামগ্রিকভাবে সমস্ত ব্যক্তি বর্গ বা গোষ্ঠীর কল্যাণ সাধনের জন্য প্রণীত করা হয়।
- মানব সমাজের উৎপত্তির সাথে সাথেই সামাজিক নিয়ন্ত্রণেরও উৎপত্তি।এটি মানব সমাজের ন্যায় আদি এবং মানব সমাজের একটি অপরিহার্য শর্ত।
- সামাজিক নিয়ন্ত্রণ হল একটি সার্বজনীন বিষয়। অর্থাৎ, সামাজিক নিয়ন্ত্রণ ব্যতীত সমাজ হয়না।
- সামাজিক নিয়ন্ত্রণ আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক উভয় সামাজিক এজেন্সি বা সংস্থা বা বাহনের মাধ্যমে প্রণয়ন করা হয়।

## সামাজিক নিয়ন্ত্রণের লক্ষ্য ও উদ্দেশ্য

সামাজিক নিয়ন্ত্রণের কতিপয় নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য রয়েছে। যথা ঃ

১. সামাজিক নিয়ন্ত্রণের মূল লক্ষ্য সামাজিক শৃঙ্খলা বজায় রাখা এবং সামাজিক সংহতিকে জোরদার করা।

২. মানুষের অসংযত আচরণ ও কুপ্রবৃত্তি দমন এবং মানব আচরণকে সমাজ স্বীকৃত ধারায় প্রবাহিত করা। এর অন্যতম লক্ষ্য সমাজের প্রথা, অনুশাসন এবং মূল্যবোধ অনুযায়ী ব্যক্তি বা গোষ্ঠী-আচরণ নিয়ন্ত্রণ।

৩. সামাজিক নিয়ন্ত্রণের আরেকটি লক্ষ্য হচ্ছে সার্বিকভাবে সামাজিক স্বার্থ বা গোষ্ঠী স্বার্থকে বড় করে দেখা এবং সে কারণে ব্যক্তির হীন স্বার্থকে নিয়ন্ত্রণ করা এবং অবক্ষয় থেকে সমাজকে রক্ষা করা।

৪. সামাজিক নিয়ন্ত্রণ একটি কর্তৃত্ব বা শাসনব্যবস্থাকে নির্দেশ করে। অতএব, সামাজিক নিয়ন্ত্রণের লক্ষ্য সমাজকে শাসন করা। এক্ষেত্রে প্রচলিত আইন, প্রথা তথা সমাজ স্বীকৃত উপায় অনুসরণ করা হয় এবং এমন কতিপয় ব্যবস্থা গৃহীত হয় যেসব সামাজিক নিয়ন্ত্রণের জন্য কাজ করে।

৫. যেহেতু সামাজিক সংহতি ও শৃঙ্খলা উন্নয়নের অন্যতম পূর্বশর্ত, সেহেতু সামাজিক নিয়ন্ত্রণের প্রত্যক্ষ বা পরোক্ষ লক্ষ্য হচ্ছে সামাজিক উন্নয়ন তথা কল্যাণ।

# সামাজিক নিয়ন্ত্রণ এর গুরুত্ব বা প্রয়োজনীয়তা
## (Importance or needs of Social Control)

- সমাজস্থ সদস্যদের কুপ্রবৃত্তি দূরকরে ও আচরণের কাঙ্খিত পরিমার্জন করে তাদের সুসংযত ও সুশৃঙ্খলিত হতে বাধ্য করা।
- সমাজস্থ সদস্যদের অসামাজিক ও সমাজ বিরোধী ক্রিয়াকলাপ থেকে বিরত রাখা।
- সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি না হতে দেওয়া।
- সমাজে সুস্থিত অবস্থা বজায় রাখা।
- সমাজ কে তার কাঙ্খিত লক্ষ্য গুলি অর্জনে ও সুস্থিত উন্নয়নে সহায়তা করা।
- সামগ্রিক সমাজ ব্যবস্থাকে সুসংহত ও সুশৃঙ্খলিত উপায়ে পরিচালিত করা ও সমাজের প্রগতির ধারা অক্ষুন্ন রাখা।

## Agencies of Social Control

**Informal:**

- Family
- Peer Group
- Neighbourhood
- Religion
- Customs
- Folkways
- Mores
- Taboo
- Public Opinion
- Personality
- Ideologies
- Myth
- Mass Media
- Art & Language
- Ceremonies

**Formal:**

- Education
- State
- Law
- Administration

## সামাজিক নিয়ন্ত্রণের বিভিন্ন ধরণ (Types or Forms of Social Control):

**Different social thinkers have categorised social control in different ways. A few classifications in regard to types and forms of social control are as-**

**A) Karl Mannheim** classified social control into following two types:

### 1. Direct Social Control (প্রত্যক্ষ):

It is the control that exercises upon the individual by the reactions of the people who are living within the proximity. E.g. Family, neighbourhood and play group i.e. primary group

এটি সেই নিয়ন্ত্রণ যা কোনো ব্যক্তির ঘনিষ্ঠ সানিধ্যে অবস্থানরত ব্যক্তিদের মিথস্ক্রিয়া ও প্রতিক্রিয়া দ্বারা স্থাপিত হয়। উদাহরণস্বরূপ পরিবার, পাড়া এবং খেলার গোষ্ঠী অর্থাৎ প্রাথমিক গোষ্ঠী (স্থায়ী বা দীর্ঘস্থায়ী সম্পর্ক)।

### 2. Indirect Social Control (পরোক্ষ):

This is the type of control which is exercised upon individual by the factors like secondary groups, traditions, customs, laws, public opinions, which affects the entire social system.

এই নিয়ন্ত্রণ সমাজের রীতিনীতি, প্রথা, আইন, জনমত, গণমাধ্যম, গৌণ গোষ্ঠীর প্রভাব ইত্যাদি যা সমগ্র সামাজিক ব্যবস্থাকে প্রভাবিত করে এমন উপাদানগুলির দ্বারা সমাজস্থ ব্যক্তিদের উপর প্রয়োগ করা হয়।

**B) Kimbell Young** classified social control into following two types:

**1. Positive Social Control (ধনাত্বক):**

Rewards and incentives have an immense value upon the activities of individual. Everyone desires to be rewarded by the society, consequently they have to conform with the traditions, mores etc. accepted by society. E.g. Rewards, fame, respect and recognition etc.

ব্যক্তিদের ভালো ক্রিয়াকলাপগুলির জন্য পুরষ্কার এবং উৎসাহ প্রদানের এক অপরিসীম মূল্য রয়েছে।প্রত্যেকেই সমাজ কর্তৃক পুরষ্কার লাভ করতে চায়, ফলস্বরূপ তাদেরকে সমাজ কর্তৃক গৃহীত ঐতিহ্য, লোকনীতি ইত্যাদি মেনে চলতে হ য়।উদাহরণস্বরূপ পুরষ্কার, খ্যাতি, সম্মান এবং স্বীকৃতি ইত্যাদি প্রদানের মধ্যমে।

**2. Negative Social Control (ঋণাত্বক):**

A person is prevented from doing something wrong by threat of punishment. Fear of these punishments helps the people to prevent from violating the socially accepted customs, traditions, values and ideals. E.g. verbal punishment, defamation and negative criticism etc.

উপযুক্ত শাস্তির হুমকির মাধ্যমে কোনও ব্যক্তি কোনও ভুল কাজ করা থেকে বিরত রাখা সম্ভব। এই শাস্তির ভয় জনগণকে সামাজিকভাবে গৃহীত রীতিনীতি , ঐতিহ্য, মূল্যবোধ এবং আদর্শ লঙ্ঘন করা থেকে বিরত রাখতে সহায়তা করে। উদাহরণস্বরূপ মৌখিক শাস্তি , মানহানিকর এবং নেতিবাচক সমালোচনা ইত্যাদি।

**C) F. C. Hayes** classified social control into following two types:

1. **Control by Sanction (অনুমোদন এর দ্বারা):**

In this type of social control, those who act according to the values of the' society are rewarded, while to those who act against the norms of the society are punished.

E.g. awarding the obedient and punishing the miscreant

এই জাতীয় সামাজিক নিয়ন্ত্রণে , যারা সমাজের মূল্যবোধ অনুসারে কাজ করে তাদের পুরস্কৃত করা হয়, আবার যারা সমাজের রীতিনীতিগুলির বিরুদ্ধে কাজ করে তাদের শাস্তি হয়। অর্থাৎ পুরস্কার বা শাস্তি প্রদানের দ্বারা সামাজিক নিয়ন্ত্রণ স্থাপন।

2. **Control by Socialization and Education (সামাজিকিকরণ ও শিক্ষার দ্বারা)**

শিক্ষা ও সামাজিকীকরণের মাধ্যমে শিশু দের সমাজের রীতি অনুযায়ী আচরণ করতে শেখানো হয়। এখেত্রে তিনি মনেকরতেন মানুষকে সঠিক এবং উপযুক্ত উপদেশ ও পরামর্শ দান করে, এবং নীতিবান ও সৎ ব্যাক্তি কে অনুকরণ বা অনুসরণের শিক্ষা দানের মধ্যমে অর্থাৎ সঠিক সামাজিকীকরণের দ্বারা সামাজিক নিয়ন্ত্রণ আনা সম্ভব । অপরাধের প্রতিকার বা শাস্তি বিধাণের চেয়ে অপরাধের প্রতিরোধ ব্যবস্থাই সর্বোত্কৃষ্ট (শিক্ষা ও পরিবারের ভূমিকা খুবই গুরুত্ব্পূর্ণ)। Through education and socialisation, the child is taught to act according to the norms of the society.

**D) Gurvitch** classified social control into following four types:

**1. Organised Social Control (সংগঠিত সামাজিক নিয়ন্ত্রণ):**

এই জাতীয় সামাজিক নিয়ন্ত্রণে , ব্যক্তির আচরণ স্বত:প্রবৃত্ত মাধ্যম বা গণতান্ত্রিক উপায়ে নিয়ন্ত্রিত হয়। এটি সামাজিক নিয়ন্ত্রণের প্রাকৃতিক উপায়ে সমাজে নিয়ন্ত্রণ স্থাপন করা হয়। In this type of social control, the behaviour of the individual is regulated either through voluntary means or through democratic ways. This is done through natural ways of social control.

**2. Unorganised Social Control (অসংগঠিত সামাজিক নিয়ন্ত্রণ):**

এই সামাজিক নিয়ন্ত্রণটি সংস্কৃতির মূল্যবোধ এবং কার্যকারিতা, ঐতিহ্য, শৈলী, প্রতীক ইত্যাদি দ্বারা প্রতিষ্ঠিত করা হয় । এটি একটি নমনীয় প্রকৃতির সামাজিক নিয়ন্ত্রণ যা মানুষের দৈনন্দিন জীবনের সাথে সম্পর্কিত।

This social control is exercised by values of culture and usages, traditions, fashion, symbol etc. This is an elastic type of social control and is related to day-to-day life.

**3. Spontaneous Social Control (স্বতঃস্ফূর্ত সামাজিক নিয়ন্ত্রণ):**

এই জাতীয় সামাজিক নিয়ন্ত্রণ নির্দিষ্ট মতাদর্শ বা চিন্তাধারা, নিয়ম এবং আইন, মূল্যবোধ, শ্রেয়বোধ ইত্যাদি দ্বারা প্রতিষ্ঠিত করা হয়।

This type of social control is exercised by ideas, rules and regulations, values, norms etc.

**4. More spontaneous Social Control (অতিস্বতঃস্ফূর্ত সামাজিক নিয়ন্ত্রণ):**

প্রত্যক্ষ সামাজিক ও গোষ্ঠী অভিজ্ঞতা যেমন অনুপ্রেরণা, সিদ্ধান্ত, আকাঙ্ক্ষা ইত্যাদির দ্বারা প্রতিষ্ঠিত সামাজিক নিয়ন্ত্রণকে অতিস্বতঃস্ফূর্ত সামাজিক নিয়ন্ত্রণ বলা হয়।

Social control that is exercised by direct social and group experience, such as, aspirations, decisions, desires, etc., is called more spontaneous Social Control.

**E) Frederick Elmore Lumley** in his book named **“Means of Social Control”** has classified social control under the following two categories:

**1. Physical force method ( দৈহিক বল দ্বারা ):** শারীরিক বল প্রয়োগের মাধ্যমে মানুষকে একটি বিশেষ পদ্ধতিতে আচরণ করা হয়। Man is made to behave in a particular manner by application of physical force.

**2. Human symbol method [Symbolic Devices] (সমাজের প্রতীকী কৌশলের দ্বারা):** মানুষ ভাষা, ঐতিহ্য, প্রথা, ধর্ম, রীতিনীতি ইত্যাদির মাধ্যমে সমাজের মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ আচরণ করতে তৈরি হয়। Man is made to behave in conformity with the values of the society through language, traditions, customs, religion, rituals, etc. এর দুটিদিক বর্তমান:

**i)** পুরস্কারের আশায় , প্রশংসা অর্জনের উদ্দেশ্যে , শিক্ষা তথা জ্ঞান লাভের পরিতৃপ্তির মাধ্যমে ব্যাক্তি বা গোষ্ঠী তার চরিত্র সংশোধন বা পরিমার্জন করে নিতে পারে । উদ্দেশ্যে: মানব আচরণ কে একটি ঈপ্সিত লক্ষ্যে পরিচালিত করা । **ii)** সামাজিক সমালোচনা, বিদ্রুব, ব্যঙ্গমূলক হাসি-তামাশা, কটুকথা/মন্দকথা শোনা, নিন্দামূলক প্রচার, তিরস্কার ও শাস্তির ভয়ে বা সমাজের চোখে হেয় প্রতিপন্ন হওয়ার ভয়ে ব্যাক্তি বা গোষ্ঠী তার আচরণ সংশোধন করে নিতে পারে। উদ্দেশ্যে: মানব আচরণ কে নিয়ন্ত্রনে রাখা।

**F) Cooley has classified social control in to following two forms:**

**1. Conscious (সচেতন) social control:**

Through conscious form of social control, society compels an individual to act according to its accepted objectives with the help of law, education, and propaganda.
সামাজিক নিয়ন্ত্রণের সচেতন রূপের মাধ্যমে সমাজ পরিকল্পিত উপায়ে কোনও ব্যক্তিকে আইন, শিক্ষা, শাসন প্রণালী এবং প্রচারের সহায়তায় স্বীকৃত উদ্দেশ্য অনুযায়ী কাজ করতে বাধ্য করে।

**2. Unconscious (অচেতন) social control:**

Through unconscious form of social control social institution such as religion, customs, traditions, etc keep control over the behaviour of the individual.
সামাজিক নিয়ন্ত্রণের অচেতন রূপের মাধ্যমে বিভিন্ন সামাজিক সংস্থা যেমন ধর্ম, রীতিনীতি, প্রথা, লোকাচার অ লোকনীতি, ঐতিহ্য ইত্যাদির মাধ্যমে ব্যক্তির আচরণের উপর নিয়ন্ত্রণ রাখে। মানুষের মধ্যে যা সমাজে বাস করতে করতে সভাবিকভাবে গড়ে ওঠে।

**G) Luther L. Burnard** classified Means of social control as:

**1. Exploitative Social Control (শোষণমূলক সামাজিক নিয়ন্ত্রণ):**
Such as punishment, insults, criticism, revenge, etc.

এই সামাজিক নিয়ন্ত্রণ পদ্ধতির অন্তর্ভূক্ত হলো শাস্তি, অপমান, সমালচনা, প্রতিহিংসা, জোরজবরদস্তি, বলপূর্বক দমন নীতি ইত্যাদি।

**2.Constructive Social Control (গঠনমূলক সামাজিক নিয়ন্ত্রণ):**
Such as law, education, nonviolence movement, renaissance

এই সামাজিক নিয়ন্ত্রণ পদ্ধতির অন্তর্ভূক্ত আইন, শিক্ষা, অহিংস আন্দোলন, নবজাগরণ।

He also mentioned about **Conscious** & **Unconscious** and **Positive** & **Negative** means of Social control.
এ ছাড়াও , তিনি সামাজিক নিয়ন্ত্রণের **সচেতন ও অচেতন** এবং **ইতিবাচক ও নেতিবাচক** উপায় সম্পর্কেও উল্লেখ করেছিলেন (উপরে আলোচনা করা হয়েছে)।

## Traditional or General Classification of Social control

### 1. Informal ( অনানুষ্ঠানিক/অপ্রথাগত/অবিধিবদ্ধ) Social Control [Internal (অভ্যন্তরীণ) Social Control]:

Social control through informal social agencies. Generally primary institutions exercise this type of social control. These are personal, unofficial & uncodified, may be flexible. It lies within the individual and it is developed during socialisation.

- এ সামাজিক নিয়ন্ত্রণ সমাজের বিভিন্ন অনানুষ্ঠানিক/অপ্রথাগত/অবিধিবদ্ধ বাহক বা মাধ্যমের দ্বারা প্রতিষ্ঠিত হয়।
- সাধারণত প্রাথমিক প্রতিষ্ঠানগুলি এই ধরণের সামাজিক নিয়ন্ত্রণে যুক্ত থাকে।
- এগুলি ব্যক্তিগত, বেসরকারী এবং অলিখিত (uncodified), নমনীয় প্রকৃতির হয়।
- এটি ব্যক্তির অভ্যন্তরে সামাজিকীকরণের সময় বিকশিত হয়।

### 2. Formal (আনুষ্ঠানিক/প্রথাগত/বিধিবদ্ধ) Social Control [External (বাহ্যিক) Social Control):

Social control through formal social agencies like education, law, administration and state. Generally secondary institutions exercise this type of social control. Codified, systematic, formal mechanism with written set rules. Rules and regulations formed by Judiciary & law and some autonomous institutions control the people’s behaviour within society. For instance: Police, bureaucracy, curriculum, timetable etc. External

social controls are formal techniques, in which Government is responsible to prevent chaos in society. These are imposed and rigid in nature  and men are forced to accept these forms of social control.

- এ সামাজিক নিয়ন্ত্রণ সমাজের বিভিন্ন আনুষ্ঠানিক/প্রথাগত/বিধিবদ্ধ বাহক বা মাধ্যমের যেমন শিক্ষা, আইন, প্রশাসন ও রাষ্ট্রের দ্বারা প্রতিষ্ঠিত হয়।
- সাধারণত গৌণ প্রতিষ্ঠানগুলি এই ধরণের সামাজিক নিয়ন্ত্রণে যুক্ত থাকে।
- এগুলি নিয়মানুগ প্রথাগত কৌশল বা পদ্ধতি যা লিখিত নির্দিষ্ট বিধি দ্বারা পরিচালিত হয়।
- বিচার বিভাগ ও আইন এবং কিছু স্বয়ংশাসিত সংস্থা দ্বারা গঠিত বিধিগুলি সমাজের মধ্যে মানুষের আচরণকে নিয়ন্ত্রণ করে। যেমন: পুলিশী ব্যবস্থা, আমলাতন্ত্র, পাঠক্রম, সময়তালিকা ইত্যাদি।
- বাহ্যিক সামাজিক নিয়ন্ত্রণ হ'ল প্রথাগত/আনুষ্ঠানিক কৌশল, যার মাধ্যমে রাষ্ট্র/সরকার বা স্বয়ংশাসিত সংস্থা সমাজে বিশৃঙ্খলা রোধে দায়বদ্ধ।
- এগুলি আরোপিত এবং অনমনীয় প্রকৃতির। এবং সাধারণত মানুষ সামাজিক নিয়ন্ত্রণের এই রূপগুলি মেনে নিতে বাধ্য হয়।

Sudhindra Roy
Sudhindra Roy
11/05/2020
Head & Coordinator
Deptt. of Education
Krishna Chandra College